



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



নং- ঢাশিবো/ বি/২৩০/মানিক/ ৫৩৪

তারিখ: ০৬/০৬/২০২২

বিষয়: বিদ্যালয়ের প্রধান শিক্ষক (সাময়িক বরখাস্তকৃত) জনাব আসলাম উদ্দিন মিয়ার সাময়িক বরখাস্তের আদেশ এর বিষয়ে মহামান্য হাইকোর্টের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসংগে।

- সূত্র: ১) বিজ্ঞ সদর সহকারী জজ আদালত, মানিকগঞ্জ, দেওয়ানী মোকদমা নং- ১২০/২০১১, তারিখ ১২/০২/২০২১ এর আদেশ।
 ২) বিজ্ঞ জেলা জজ আদালত, মানিকগঞ্জ দেওয়ানী রিভিশন নং- ০৯/১৩, তারিখ ০৪/০৮/২০১৪ এর আদেশ।
 ৩) মহামান্য হাইকোর্ট বিভাগের সিভিল রিভিশন নং -৪১৮১/১৪ তারিখ ২৫/০৮/২০১৯ এর আদেশ।
 ৪) মহামান্য হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং ৩৬৫৭/২০১৫, তারিখ ০৬/০৮/২০১৭ এর আদেশ।
 ৫) মহামান্য হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং- ১৮৬১৬/২০২১, তারিখ ০৯/০৯/২০২১ এর আদেশ।
 ৬) বিজ্ঞ সদর সহকারী জজ আদালত, মানিকগঞ্জ, দেওয়ানী মোকদমা নং- ১২০/২০১১ এর রূপান্তরিত বিজ্ঞ ভা: সিনিয়র সহকারী জজ আদালত, হরিরামপুর, মানিকগঞ্জ মোকাদমা নং ৯৪/২০১৫, তারিখ ০৪/০৪/২০২২ এর আদেশ।
 ৭) জনাব মো: আসলাম উদ্দিন মিয়া, প্রধান শিক্ষক (সাময়িক বরখাস্তকৃত) কর্তৃক ০৬/০৪/২২ তারিখের দাখিলকৃত আবেদন।
 ৮) বোর্ডের আইন উপদেষ্টার মতামত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মানিকগঞ্জ জেলার সদর উপজেলাধীন বনপারিল উচ্চবিদ্যালয়ের প্রধান শিক্ষক (সাময়িক বরখাস্তকৃত) মো: আসলাম উদ্দিন মিয়া কে বিগত ০৫/১২/২০১০ ইং তারিখে উক্ত বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি কর্তৃক সাময়িক বরখাস্ত করা হয়।

সূত্রোক্ত (৩) নং ক্রমিকে উল্লিখিত, মহামান্য হাইকোর্ট বিভাগের সিভিল রিভিশন নং -৪১৮১/১৪ তারিখ ২৫/০৮/২০১৯ এর আদেশে সূত্রোক্ত ক্রমিক নং (১) এ উল্লিখিত বিজ্ঞ সদর সহকারী জজ আদালত, মানিকগঞ্জ, দেওয়ানী মোকদমা নং- ১২০/২০১১, তারিখ ১২/০২/২০২১ এর আদেশ টি মহামান্য হাইকোর্ট বিভাগ খারিজ করেন একই সাথে মহামান্য হাইকোর্ট বিভাগ সিভিল রিভিশন নং -৪১৮১/১৪ এর স্থাগিতাদেশ বাতিল করে বিজ্ঞ সিনিয়র সহকারী জজ আদালত, মানিকগঞ্জকে দেওয়ানী মোকাদমাটি (১২০/২০১১) আদেশ প্রাপ্তির ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে নিষ্পত্তির আদেশ প্রদান করেন।

উল্লেখ্য যে, দেওয়ানী মোকদমা নং ১২০/২০১১ পরবর্তীতে দেওয়ানী মোকদমা নং ৯৪/২০১৫ এ রূপান্তরিত হয়। সূত্রোক্ত (৫) নং ক্রমিকে উল্লিখিত, মহামান্য হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং- ১৮৬১৬/২০২১, তারিখ ০৯/০৯/২০২১ এর আদেশ অনুযায়ী বাদী কর্তৃক বিজ্ঞ সহকারী জজ আদালত, হরিরামপুর, মানিকগঞ্জ এ দেওয়ানী মোকদমা নং ৯৪/২০১৫ প্রত্যাহারের জন্য আবেদন করেন। বিজ্ঞ ভা: সিনিয়র সহকারী জজ আদালত, হরিরামপুর, মানিকগঞ্জ মোকাদমা নং ৯৪/২০১৫, তারিখ ০৪/০৪/২০২২ এর আদেশে উক্ত মামলাটি প্রত্যাহারের অনুমতি প্রদান সহ বাদীপক্ষকে একই বিষয়ে পুনরায় মোকাদমা আনয়ন করা হতে বারিত করা হয়।

এমতাবস্থায়, বিদ্যালয়ে কোন কমিটি না থাকায় প্রধান শিক্ষক (সাময়িক বরখাস্তকৃত) জনাব আসলাম উদ্দিন মিয়ার সাময়িক বরখাস্তের বিষয়ে সূত্রোক্ত ৪ ও ৫ নং ক্রমিকে উল্লিখিত আদেশ অনুসরণ পূর্বক বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে বোর্ডকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী বিধায় আপনার সহযোগীতা প্রয়োজন।

প্রাপক
উপজেলা নির্বাহী অফিসার
সদর, মানিকগঞ্জ।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বা:
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

মেমো নং : ৫৩৪ (৬)
সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

তারিখ: ০৬/০৬/২০২২

- ১। জেলা প্রশাসক, মানিকগঞ্জ।
- ২। জেলা শিক্ষা অফিসার, মানিকগঞ্জ।
- ৩। উপজেলা, মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, মানিকগঞ্জ।
- ৪। প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত), বন পারিল উচ্চ বিদ্যালয়, সদর, মানিকগঞ্জ।
- ৫। জনাব মোঃ আসলাম উদ্দিন মিয়া (সাময়িক বরখাস্তকৃত), বন পারিল উচ্চ বিদ্যালয়, সদর, মানিকগঞ্জ।
- ৬। অফিস কপি।

০৬/০৬/২০২২
বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

০৬/০৬/২০২২